



মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষাবোর্ড, বরিশাল  
[www.barisalboard.gov.bd](http://www.barisalboard.gov.bd)

স্মারক নং বশিবো/পনি/এসএসসি/২০২০/১৯৭

তারিখঃ ০৬ ফাল্গুন, ১৪২৬ বঙ্গাব্দ  
১৯ ফেব্রুয়ারি, ২০২০ খ্রি.

## এসএসসি পরীক্ষা-২০২০ কেন্দ্রসচিবগণের প্রতি জরুরি নির্দেশনা

বরিশাল শিক্ষাবোর্ডের আওতাভুক্ত সকল কেন্দ্রসচিবকে জানানো যাচ্ছে যে, ২০২০ সালের এসএসসি পরীক্ষার ওএমআর প্যাকেট করে বরিশাল শিক্ষাবোর্ডে ডাকযোগে প্রেরণ করার সময় মাধ্যমিক স্কুল সার্টিফিকেট পরীক্ষা পরিচালনা সংক্রান্ত নীতিমালা-২০২০ এর ০৮ পৃষ্ঠার নমুনা ছক অবশ্যই হুবহু অনুসরণ করতে হবে। এর ব্যত্যয় হলে সংশ্লিষ্ট কেন্দ্রসচিব দায়ী থাকবে।

উল্লেখ্য কিছু কেন্দ্রসচিব ওএমআর শিটের প্যাকেট এর গায়ে বিষয় কোড না লেখায় কোন বিষয়ের প্যাকেট তা চিহ্নিত করা যাচ্ছে না, যা পরীক্ষা সংক্রান্ত কাজে মারাত্মক জটিলতার সৃষ্টি করছে। ভবিষ্যতে এ বিষয়ে সতর্ক থাকার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

*স্বাক্ষর* ১৯.০২.২০২০

অরুণ কুমার গাইন-১০২৬০

পরীক্ষা নিয়ন্ত্রক

মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষাবোর্ড, বরিশাল

ফোন অফিসঃ ০৪৩১-৬৪০৮৫

ইমেইল [barisalboard@gmail.com](mailto:barisalboard@gmail.com)